West Bengal Form No. -3323

HIGH COURT FORM NO. (P) 5A

Common of Columns (1) Final Disposal (2) Ascertaining whether suit will be contested or not of contested for immediate disposal (3) Settlement of issues.
(Order 5 Rules 1 and 5 of the Code of Civil Procedure)

১. চূড়ান্ত নিষ্পত্তির জন্য, ২. মোকর্দমা একতরফা হইবে তাহা নির্ধারনের জন্য এবং দোতরফা বা হইলে অবিলম্বে নিষ্পত্তির জন্য এবং ৩. ইস্যু ধার্যের জন্য সমনের সাধারণ ফর্ম।
(দেওয়ানী কার্যবিধি আইনের ৫ অর্ডার ১ ও ৫)

এই অংশ অফিস হইতে পূরন করা হইবে	
তলবানা দাখিলের তারিখ	
খোরাকি ইত্যাদি দাখিলের তারিখ	
পরোয়ানা দাখিলের তারিখ	
নাজিরখানায় পাঠানোর তারিখ	

এই অংশ নাজিরখানায় পূরন করা হইবে	
পেয়াদার নিকট হাওলার তারিখ	
জারির পর পেয়াদা কর্তৃক ফেরৎ দিবার তারিখ	
নাজিরের নিকট পরোয়না ফেরৎ দেবার তারিখ	
নাজির কর্তৃক আদালতে ফেরৎ দিবার তারিখ	

জেলাঃ মুর্শিদাবাদ,

মোকামঃ বহরমপুর/ লালবাগ/ কান্দি/ জঙ্গিপুর/ডোমকল

In The Court of Ld._____at Berhampore/Lalbagh/Kandi/Jangipur/Domkol

মোকদ্দমা নম্বর_____ , সন ২০

যেহেতু

আপনার নামে নিমিত্ত

মোকদ্দমা উপস্থিতি করিয়াছেন অতএব আপনাকে এই সময়ে দেওয়া যাইতেছে যে আপনি সালে

যাহা তারিখে পূর্বাহ্নে ১০ ঘটিকা সময় স্বয়ং অথবা উপযুক্ত মতে নিমিত্ত উপদেশ প্রাপ্ত ও মোকদ্দমা সংক্রান্ত অবশ্যকীয় প্রশ্ন সকলের উত্তর দানে সক্ষম কোনো উকিল দ্বারা অথবা ঐ সকল প্রশ্নের উত্তর দানে সক্ষম কোনো ব্যক্তিকে তাহার সঙ্গে দিয়া উপস্থিত হইবেন এবং

১) বাদীর নালিশের উত্তর দিবেন এবং আপনার উপস্থিতি হইবার নিমিত্ত ধার্য মোকদ্দমা চূড়ান্ত নিষ্পত্তি করিবার নির্ধারিত দিন দিবার আপনি ঐদিনে আপনার পোষকতার যে সকল সাক্ষী ও দলিলের ওপর নির্ভর করিতে ইচ্ছা করেন তাহা উপস্থিত করিতে অবশ্য প্রস্তুত থাকিবেন।

২) আপনি মোকদ্দমার সম্পূর্ণ দাবী আংশিক দাবী সম্বন্ধে প্রতিবাদ করিবেন কি করিবেন না তাহা প্রকাশ করিবেন যদি প্রতিবাদ করার সিদ্ধান্ত করেন তাহা হইলে আপনাকে যে তারিখে বর্ণনা পত্র দাখিল করিতে হইবে এবং যে সাক্ষীর অথবা সকলের সাক্ষ্যের উপর আপনি আপনার পক্ষ সমর্থন করিবার জন্য নির্ভর করিবেন তাহা দাখিল করতি হইবে সেই তারিখ সম্বন্ধে এবং মোকদ্দমা বিচারের তারিখ এবং অন্যান্য বিষয় সম্বন্ধে আদালতে নির্দেশ গ্রহণ করিবেন। আপনাকে জানানো যাইতেছে যে আপনি সম্পূর্ণ দাবী অথবা আংশিক দাবী স্বীকার করিলে আদালত ওই প্রকার স্বীকার অনুযায়ী তৎক্ষনাত রায় প্রকাশ করিবেন অথবা দাবীর সমন্ধে প্রতিবাদ না হইলে মোকদ্দমা নিষ্পত্তি করা হইবে।

৩) আপনি দাবী সম্পর্কে জবাব দাখিল করিবেন এবং আপনার জবাবের পৃষ্ঠপোষকতায় যে সকল দলিলের উপর নির্ভর করেন তাহা উপস্থিত করিবেন।

আপনাকে জানানো যাইতেছে যে আপনি উক্ত দিনে উপস্থিত না হইলে অসাক্ষাতে মোকদ্দমা শুনানী নিষ্পত্তি করা হইবে।

আদালতের স্বাক্ষর ও মোহর যুক্ত মতে—

অদ্য _____/_____/সন ২০ তারিখে দেওয়া গেল। আদেশানুসারে

(সেরেস্তাদার/ভারপ্রাপ্ত করণিক)

বিঃদ্রঃ-১) আপনার সাক্ষীগণ স্বেচ্ছায় উপস্থিত হইবে না এরূপ আশঙ্কা থাকিলে প্রয়োজনীয় খরচ জমা দিয়া প্রার্থনা করিবেন সাক্ষীকে উপস্থিত করবার নিমিত্ত এবং সাক্ষীকে কোন দলিলে দাখিল করিতে বলিবার অধিকার থাকিলে সেই দলিল দাখিল করিতে ঐ সাক্ষীকে বাধ্য করিবার নিমিত্ত আপনি ঐ আদালত হইতে তাহার সময় পাইতে পারিবেন। ২) আপনি যদি দাবী স্বীকার করেন তাহা হইলে যাহাতে আপনি শরীর কিংবা সম্পত্তি অথবা উভয়ের উপর ডিগ্রী জারি না হয়, তার জন্য) -মোকদ্দমার খরচ শুদ্ধ ঐ টাকা আদালতে দাখিল করিবেন। সময় চূড়ান্ত নিষ্পত্তির জন্য অথবা দোতরফা বিচার হইল কিনা তাহা নির্ণয়ের জন্য অথবা ইস্যুধার্য্যের নিমিত্ত হইতে তদানুসারে প্রয়োজন মত ১.২ অথবা ৩ দফার অংশ কাটিয়া দিতে হইবে।

গুরুত্বপূর্ণ তথ্যঃ

আপনি যদি মহিলা, শিশু, তপশিলি জাতি/উপজাতি, শিল্প শ্রমিক, মানসিক অথবা শারীরিক প্রতিবন্ধী, অবৈধ মানব পাচার, ব্যাপক দুর্বিপাক,জাতিগত হিংসা, বর্বরতা, বন্যা, খরা, ভূমিকম্প, শিল্প ক্ষেত্রে বিপর্যয়-এর শিকার, রক্ষনামূলক আবাসের আবাসিক, কারাগারে হেফাজতে থাকা বন্দি হন বা আপনার পরিবারিক আয় যদি বছরে এক লক্ষ টাকা পর্যন্ত (নিম্ন আদালত বা হাইকোর্টে মামলার ক্ষেত্রে) বা বছরে পাঁচ লক্ষ টাকা পর্যন্ত (সুপ্রিম কোর্টে মামলার ক্ষেত্রে) হয়, সেক্ষেত্রে আপনি শর্তসাপেক্ষে এই মামলা প্রতিদ্বন্দ্বিতা করবার জন্য নিখরচায় আইনি সহায়তা ও উকিলবাবু পেতে পারেন। বিনাব্যায়ে আইনি সহায়তার প্রয়োজনে আপনার নিকটবর্তী মহকুমা আদালতে অবস্থিত মহকুমা আইনি পরিসেবা কমিটি (SDLSC) অথবা বহরমপুরে জেলা জজ কোর্ট প্রাঙ্গনে অবস্থিত জেলা আইনি পরিসেবা কর্তৃপক্ষ (DLSA), মুর্শিদাবাদ -এর অফিসে যোগাযোগ করুন। টোল ফ্রি নম্বরঃ 15100, ইমেল: dlsa.MSD@gmail.com।

বিচার প্রাপ্তির বিকল্প পথও আছে

লোক আদালত, মধ্যস্থতা (Mediation), ও মীমাংসা (Conciliation) প্রক্রিয়ার মাধ্যমে দ্রুত, সাশ্রয়ী ও সৌহার্দ্যপূর্ণভাবেও বিরোধ নিষ্পত্তি সম্ভব। আপনার স্বার্থ রক্ষার পাশাপাশি দীর্ঘ মামলার-জট এড়াতে, **বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থা গ্রহণ করুন**

**** আপনার মামলার বিস্তারিত তথ্য জানতে ভিজিট করুন "services.ecourts.gov.in" অথবা প্লে স্টোর থেকে "e-Courts Services" অ্যাপ টি ইন্সটল করুন। আপনার অ্যান্ড্রয়েড স্মার্ট ফোনে "e-Courts Services App" ইন্সটল করতে অনুগ্রহ করে পাশে থাকা QR কোডটি স্ক্যান করুন। মুর্শিদাবাদ জেলা বিচার বিভাগের অফিসিয়াল ওয়েবসাইট ভিজিট করুন https://murshidabad.dcourts.gov.in**